নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.১৯-৭১৯

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬
২১ নভেম্বর ২০১৯

**বিষয়: ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন (চেয়ারম্যান, সরংক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য) পদে নির্বাচন (সংলগ্নী-১) অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপভাবে সময়সূচি নির্ধারণ করেছেন:

| | | |
|---|---|---|
| রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৩ ডিসেম্বর ২০১৯ (মঙ্গলবার) |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৫ ডিসেম্বর ২০১৯ (বৃহস্পতিবার) |
| মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল দায়ের | : | ০৬-০৮ ডিসেম্বর ২০১৯ (শুক্রবার-রবিবার) |
| আপিল নিষ্পত্তি | : | ০৯-১১ ডিসেম্বর ২০১৯(সোমবার-বুধবার) |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১২ ডিসেম্বর ২০১৯ (বৃহস্পতিবার) |
| প্রতীক বরাদ্দ | : | ১৩ ডিসেম্বর ২০১৯ (শুক্রবার) |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **৩০ ডিসেম্বর ২০১৯ (সোমবার)** |

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **০৮ ডিসেম্বর ২০১৯** এবং দায়েরকৃত আপিল **১১ ডিসেম্বর ২০১৯** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **১২ ডিসেম্বর ২০১৯** এবং এর পরের দিন অর্থাৎ **১৩ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৩। **রিটার্নিং অফিসার নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, উক্ত ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে ক্ষেত্রমত, প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মকর্তাগণের মধ্য হতে একজন কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৪। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ী আপিল কর্তৃপক্ষ হিসেবে জেলা নির্বাচন কর্মকর্তা নিয়োজিত থাকবেন।

৫। **ভোটগ্রহণ প্রক্রিয়া ও সময়** : বর্ণিত তফসিল অনুসারে উল্লিখিত ইউনিয়নের সাধারণ নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ করতে হবে। ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ ও অন্যান্য বিষয় সত্বর আরও নির্দেশনা প্রদান করা হবে।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বিধান এবং বিধিমালার বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে অবহিত করতে হবে।

৮। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

C:\Users\New\Desktop\CoXbazr_Moheskhali UP\1-UP-CoxBazar-Saplapur-genrel & By Litter-2019.doc

৯। **অন্যান্য নির্দেশনা :**

(ক) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(খ) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

১০। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংলগ্নী: উপরে বর্ণিত

**মোঃ আতিয়ার রহমান**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com

১। জেলা নির্বাচন অফিসার...............................(সংশ্লিষ্ট)
২। উপজেলা নির্বাচন অফিসার,.................................ও
রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.১৯-৭১৯

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬ / ২১ নভেম্বর ২০১৯

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, ....... ....... ....... ....... ........ .........(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার,..............................(সংশ্লিষ্ট)
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৩. জেলা প্রশাসক,..................................(সংশ্লিষ্ট)
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পুলিশ সুপার,.....................................(সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,....................................(সংশ্লিষ্ট)
১৮. উপজেলা নির্বাহী অফিসার,......................................(সংশ্লিষ্ট)
১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...... ........ ........ ....... ........ ....... ....... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. প্রোগ্রামার (সংশ্লিষ্ট), সিনিয়র সহকারী সচিব/সহকারী ...... ........ ........ ....... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,....................................(সংশ্লিষ্ট)
২৪. ...... ........ ........ ....... ........ ....... ....... রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা,.....................................(সংশ্লিষ্ট)

**(মোহাম্মদ আশফাকুর রহমান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২

C:\Users\New\Desktop\CoXbazr_Moheskhali UP\1-UP-CoxBazar-Saplapur-genrel & By Litter-2019.doc

সংলগ্নী-১

## ইউনিয়ন পরিষদ নির্বাচন: সাধারণ নির্বাচন

| জেলা | উপজেলা | ইউনিয়ন পরিষদ |
|---|---|---|
| চট্টগ্রাম | রাংগুনিয়া | ১. মরিয়ম নগর |
| | | ২. স্বনির্ভর রাংগুনিয়া |
| ভোলা | চরফ্যাশন | ৩. নুরাবাদ |
| | | ৪. আহাম্মদপুর |
| কুমিল্লা | সদর দক্ষিণ | ৫. গলিয়ারা (উত্তর) |
| | | ৬. গলিয়ারা (দক্ষিণ) |

২৮/১/২০

মোহাম্মদ আশফাকুর রহমান
সহকারী সচিব
নির্বাচন কমিশন সচিবালয়